

গম বীজের কালো দাগ

রোগের কারণ : *Bipolaris sorokiniana* এবং *Alternaria alternate* নামক ছত্রাক দুইটি এ রোগের সাথে সংশ্লিষ্ট কয়েকটি ছত্রাকের মধ্যে অন্যতম।

রোগের লক্ষণ :

- ✓ আক্রান্ত বীজের জনাংশে বাদামী রং এর দাগ পড়ে।
- ✓ জন আক্রান্ত হয়ে অঙ্কুরোদগমের ক্ষমতা কমে যায়।
- ✓ কালো দাগ পড়ায় বীজের বাজার মূল্য কমে যায়।



গম বীজের কালো দাগের লক্ষণ

দমন ব্যবস্থাপনা :

- ✓ উপযুক্ত সময়ে বীজ বপন করা (১৫-৩০ নভেম্বর)
- ✓ বীজ বপনের পূর্বে কার্বোজিন (১৭.৫%) + থিরাম (১৭.৫%) গ্রুপের ছত্রাকনাশক দিয়ে যেমন : প্রোভ্যাক্স-২০০ ডব্লিউপি (৩গ্রাম/কেজি) অথবা ভিটাক্সো এফ এফ (৩মিলি/কেজি) দিয়ে বীজ শোধন করা।
- ✓ শীষ বের হওয়ার সময় একবার এবং দুই সপ্তাহ পর আরও একবার প্রিপিকোনাভল গ্রুপের ছত্রাকনাশক যেমন- টিল্ট ২৫০ ইসি অথবা টেবুকোনাভল গ্রুপের ছত্রাকনাশক যেমন- ফলিকুর ২৫০ ইসি প্রতি লিটার পানিতে ০.৫ মিলি হারে মিশিয়ে গাছে স্প্রে করতে হবে।
- ✓ পাকার পরে দেরি না করে বৃষ্টির আগেই ফসল কেটে নেয়া।

আরও তথ্যের জন্য:

পরিচালক উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: dppw@dae.gov.bd

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।